# ইউপি নির্বাচনের সময়সূচি চূড়ান্ত হয়নি: ইসি



ইসি আনোয়ারুল ইসলাম। ছবি: সংগৃহীত

ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের সম্ভাব্য সময়সূচি এখনো চূড়ান্ত হয়নি। আগামী বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) আন্তঃমন্ত্রণালয় বৈঠকের পর এ বিষয়ে সিদ্ধান্ত হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম সরকার।

মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) গণমাধ্যমকে তিনি এ তথ্য জানান।

সোমবার ইসি সাত ধাপে ইউপি নির্বাচন আয়োজনের প্রাথমিক সময়সূচি প্রকাশ করে। এতে প্রথম ধাপের সম্ভাব্য ভোটের তারিখ ১২ নভেম্বর, দ্বিতীয় ধাপ ১৩ ডিসেম্বর এবং তৃতীয় ধাপ ৩০ ডিসেম্বর রাখা হয়েছে।

পরবর্তী চার ধাপের সম্ভাব্য তারিখ যথাক্রমে আগামী বছরের ১৭ জানুয়ারি, ৪ ফেব্রুয়ারি, ২২ এপ্রিল ও ২৭ মে। তবে এসব তারিখও এখনো চূড়ান্ত নয়।

এর আগে মঙ্গলবার স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলম বলেন, সাত ধাপে ইউপি নির্বাচনের এই সময়সূচি সম্পর্কে সরকার অবগত নয়। নির্বাচন কমিশনের সঙ্গে এ বিষয়ে সরকারের কোনো পত্র যোগাযোগ বা আলোচনা হয়নি।

ইসি স্বাধীন এবং নির্বাচন আয়োজন করা তাদের সাংবিধানিক অধিকার বলেও উল্লেখ করেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী।